**25 T--ADBE**

# 2015

# ADVANCE BENGALI

**Full Marks : 100**

**Pass Marks : 30**

Time : 3 hours

***The figures in the margin indicate full marks for the questions***

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১২=১২

(ক) "দেখ দ্বিজ মনসিজ জিনিয়া মূরতি।
পদ্মপত্র যুগ্মনেত্র পরশয়ে শ্রুতি॥"

'মনসিজ' শব্দের অর্থ লেখো।

(খ) "বহু দেশে দেখিয়াছি বহুপদ-দলে,
কিন্তু এ স্নেহের —— মিটে কার জলে?"

শূন্যস্থান পূর্ণ করো।

(গ) "ভক্তরা বলে নবযুগ-রবি!"

'রবি' কে?

(ঘ) 'ভালবাসার অত্যাচার' পাঠটির রচয়িতা কে?

(ঙ) "যে লোক ধনী, ঘরের চেয়ে তাহার —— বড়ো হইয়া থাকে।"
শূন্যস্থান পূর্ণ করো।

(চ) 'দিবা দ্বিপ্রহরে' গল্পের লেখক কে?

(ছ) 'কুশীলব' শব্দের অর্থ লেখো।

(জ) 'মেজদিদি' উপন্যাসটির রচয়িতার নাম লেখো।

(ঝ) মেজদিদির বড় জায়ের নাম লেখো।

(ঞ) 'মুকুট' কোন্ শ্রেণীর রচনা?

(ট) 'মুকুট' নাটকের কনিষ্ঠ রাজকুমারের নাম লেখো।

(ঠ) "পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি।" অলংকারের নাম লেখো।

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×১২=২৪

(ক) ''বন পোড়ে আগ বড়ায়ি জগজনে জাণী।
মোর মন পোড়ে জেহ্ন কুম্ভারের পণী।''

'বড়ায়ি' সম্বন্ধে টীকা লেখো।

(খ) ''তব কলকলে
জুড়াই এ কান আমি ভ্রান্তির ছলনে!''

এখানে কার কলধ্বনির কথা বলা হয়েছে? 'ভ্রান্তির ছলনে' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন?

(গ) ''ফুরিয়ে এলো খাবার পুঁজি ছিন্ন আমার বস্ত্র গো,
মৃত্যু বুঝি মুচকে হাসে—না হয় মরণ তাই হবে।''

উদ্ধৃতিটি কোন্ কবিতার অংশ? কী দেখে কবির মনে হয়েছে মৃত্যু আসন্ন?

(ঘ) ভালবাসার অত্যাচার কিরূপে হয়?

(ঙ) ''আসল কথা এই যে, মানুষের দেহ-মনের সকল প্রকার ক্রিয়ার মধ্যে ক্রীড়া শ্রেষ্ঠ।''
'ক্রিয়া' ও 'ক্রীড়া' শব্দ দুটির অর্থ লেখো।

(চ) ''যে আমাদের খরচ করিবার সঙ্গী সেই আমাদের শ্রেষ্ঠ বন্ধু।'' বক্তা কে? খরচ করবার সঙ্গী কে?

(ছ) 'দিবা দ্বিপ্রহরে' গল্পটিতে গোখরো সাপ কাকে কাকে কামড়েছিল?

(জ) ''বড় কুটুম যে গো! তাঁকে তার মত রাখতে হবে ত!'' বড় কুটুম কে? উক্তিটি কার?

(ঝ) হেমাঙ্গিনীর ছেলে ও মেয়ের নাম কী?

(ঞ) ''ওঁর বুদ্ধিটা সম্প্রতি বড়োই বেড়ে উঠেছে।'' কে, কার প্রসঙ্গে একথা বলেছেন?

(ট) "আমাদের সেই চিরশত্রুর সঙ্গে লড়াইয়ে যাত্রা করে ক্ষাত্রচর্যে দীক্ষা গ্রহণ করতে রাজি আছ কি?" কাদের উদ্দেশ্য করে একথা বলা হয়েছে? 'চিরশত্রু' কে?

(ঠ) যতি *অথবা* ছেদের সংজ্ঞা লেখো।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ৪×১০=৪০

(ক) "কন্যা দেখি দ্বিজ কিবা হইল অজ্ঞান।
বাতুল হইল কিবা করি অনুমান॥"

কোন্ কবিতা থেকে উদ্ধৃতিটি গ্রহণ করা হয়েছে? 'বাতুল' কাকে বলা হয়েছে, সপ্রসঙ্গ আলোচনা করো। ১+১+২=৪

(খ) 'হায় চিল' কবিতাটির মর্মার্থ সংক্ষেপে লেখো। ৪

*অথবা*

'প্রত্যেহের ভার' কবিতায় কবির আশাবাদী মনের যে পরিচয় পাও তা সংক্ষেপে লেখো।

(গ) 'মেরুর ডাক' কবিতাটিতে মেরুর হাতছানিতে কবি যেভাবে উতলা হয়েছেন তার পরিচয় দাও। ৪

(ঘ) ভালবাসার অত্যাচার নিবারণ সম্পর্কে বঙ্কিমচন্দ্র কী বলেছেন, সংক্ষেপে লেখো। ৪

*অথবা*

"চিরকাল মনুষ্য অত্যাচারে পীড়িত।" মানুষ চিরকাল কোন্ অত্যাচারে পীড়িত? অত্যাচার থেকে পরিত্রাণের যে উপায় লেখক নির্দেশ করেছেন সে সম্বন্ধে সংক্ষেপে লেখো।

(ঙ) "এই পনেরো আনা অনাবশ্যক জীবনই বিধাতার ঐশ্বর্য সপ্রমাণ করিতেছে।" পনেরো আনা কারা? ঐশ্বর্যের প্রমাণ তিনটি উদাহরণের সাহায্যে দাও। ১+৩=৪

(চ) "সাহিত্যের উদ্দেশ্য আনন্দ দান করা—শিক্ষা দান করা নয়।" উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও। ৪

(ছ) "তিক্ত কণ্ঠে সে বলিয়া উঠিল পাগলা নয় কে? সব্বাইকে ধ'রে পাগলা-গারদে পুরুন আপনি।" কে, কাকে একথা বলেছে? প্রসঙ্গ উল্লেখ করো। ১+১+২=৪

*অথবা*

"রাগ করছ কেন চাঁদ, দাও চুমু দাও একটা আমাকে।" কে, কাকে চুমু দেবার কথা বলেছে? প্রসঙ্গ উল্লেখ করো। ১+১+২=৪

(জ) "ঐ হতভাগাটাকে দিয়ে যত রকমের ছোট কাজ করিয়ে নিয়েও তোমরা আজ পর্যন্ত একদিন পেটভরে খেতে দাও না।" 'হতভাগা' কে? তাকে বাড়ীতে কী কী কাজ করতে হতো? ১+৩=৪

*অথবা*

"এ স্তুতিতে পুলিশের দারোগার মন ভেজে। কাদম্বিনী মেয়েমানুষ মাত্র।" কাদম্বিনীর চরিত্র সংক্ষেপে লেখো। ৪

(ঝ) "আমার দুটি সন্তান ছিল, কাল থেকে তিনটি হয়েছে। আমি কেষ্টর মা।" হেমাঙ্গিনী কোন্ প্রসঙ্গে কথাটি বলেছে? ৪

(ঞ) "শুধু সন্ধিপত্র দিলে তো হবে না, মহারাজ। আপনি যে পরাজয় স্বীকার করলেন তার কিছু নিদর্শন তো দেশে নিয়ে যেতে হবে।" মহারাজ কে? কার কাছে পরাজয় স্বীকার করেন তিনি? সন্ধির নিদর্শনস্বরূপ কী দিতে হয় তাঁকে এবং কেন? ১+১+১+১=৪

*অথবা*

"তার সঙ্গে আমার তীর বদল করতে হবে, ভাগ্যও বদল হবে।" কার সঙ্গে তীর বদলের কথা বলা হয়েছে? ভাগ্য কি বদল হয়েছিল? কাকে, কে কথাটি বলেছিল? ১+১+১+১=৪

৪। নীচের প্রশ্নগুলির উত্তর লেখো :

(ক) "ছেলেটি যে অতিশয় লাজুক ও ভীরু স্বভাব, হেমাঙ্গিনী তাহা পূর্বেই টের পাইয়াছিলেন। তখন তাহার মাথায়-মুখে হাত বুলাইয়া দিয়া আদর করিয়া 'দাদা' বলিয়া ডাকিয়া, আর কত কি কৌশলে তাহার ভয় ভাঙ্গাইয়া অনেক কথা জানিয়া লইলেন।" ছেলেটি কে? সম্পর্কে হেমাঙ্গিনীর কে হয়? তিনি কৌশল করে তার কাছ থেকে কী কথা জেনে নিলেন? ১+১+৩=৫

*অথবা*

"শপথ কচ্ছি, আমি বেঁচে থাকতে তোদের দুই ভাই-বোনকে আজ থেকে কেউ পৃথক করতে পারবে না।" কে বলেছেন? ভাই-বোন কারা? উক্তিটির প্রাসঙ্গিক তাৎপর্য বিশ্লেষণ করো। ১+২+২=৫

(খ) "আমি পরাজিত—এ মুকুট আমার নয়। এ আমি তোমাকেই পরিয়ে দিলুম—দাদা।" কে পরাজিত? কার মাথার মুকুট? প্রসঙ্গ উল্লেখ করে বিষয়টি আলোচনা করো। ১+১+৩=৫

*অথবা*

"বিচার! তুমি বিচার চাও! তা হলে যে মুখে চুনকালি পড়বে; বংশের লজ্জা প্রকাশ করব না—অন্তর্যামী তোমার বিচার করবেন।" কে, কাকে একথা বলেছে, প্রসঙ্গ উল্লেখ করে সবিশেষ আলোচনা করো। ১+১+৩=৫

(গ) টীকা লেখো (যে কোনো **একটি**) : ২

ধুরন্ধর; ঈশা খাঁ; রাজধর; ইন্দ্রকুমার।

৫। (ক) বাংলা ছন্দ কয় প্রকার ও কি কি? যে কোনো একটি ছন্দের চারটি বৈশিষ্ট্য একটি উদাহরণসহ লেখো। ১+২+৩=৬

*অথবা*

ছন্দোলিপি প্রস্তুত করো : ৬

কে মেরেছে কে ধরেছে কে দিয়েছে গাল।<br>তাই তো খুকু রাগ করেছে ভাত খায়নি কাল॥

(খ) যে কোনো দুটি অলংকারের সংজ্ঞা লেখো ও একটি করে উদাহরণ দাও : (২+১)×২=৬

যমক; উপমা; সমাসোক্তি; বিরোধাভাস।

★★★